গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট
www.zakiganj.sylhet.gov.bd

সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার ১৪২৮-১৪৩০ বঙ্গাব্দ সনের জন্য ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত জলমহালসমূহের ইজারা বিজ্ঞপ্তিঃ

জকিগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ২০ (বিশ) একর পর্যন্ত আয়তনের জলমহালসমূহ ১৪২৮ বঙ্গাব্দ সন হতে ১৪৩০ বঙ্গাব্দ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আরোপিত শর্তাধীনে সমবায় অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/প্রকৃত যুব মৎস্যজীবি সমবায় সমিতি/ সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমিতির নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

০১। আবেদন ফরম প্রাপ্তির স্থানঃ ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জকিগঞ্জ, সিলেট
গ) উপজেলা ভূমি অফিস, জকিগঞ্জ, সিলেট

| ক্রমিক নং | আবেদনের পর্যায় | আবেদন ফরম বিক্রির তারিখ | আবেদন ফরম জমার সময় কাল | দরপত্র খোলার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম পর্যায় | ১৬/০৩/২০২১ খ্রি. পর্যন্ত | ১৮/০৩/২০২১ খ্রি. ২.০০ ঘটিকা | ১৮/০৩/২০২১খ্রি. ৪.০০ঘটিকা | |
| ২ | ২য় পর্যায় | ৩০/০৩/২০২১ খ্রি:পর্যন্ত | ৩১/০৩/২০২১ খ্রি. ২.০০ ঘটিকা | ৩১/০৩/২০২১ খ্রি. ৪.০০ ঘটিকা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩ | ৩য় পর্যায় | ১২/০৪/২০২১ খ্রি: পর্যন্ত | ১৩/০৪/২০২০ খ্রি. ২.০০ ঘটিকা | ১৩/০৪/২০২১ খ্রি. ৪.০০ ঘটিকা | ১ম ও ২য় পর্যায়ে অ-ইজারাকৃত জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য। |

১৪২৮ বঙ্গাব্দ হতে ১৪৩০ বঙ্গাব্দ সনের জন্য ইজারা যোগ্য জলমহালের তালিকাঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজার নাম | আয়তন (একরে) | পূর্ববর্তী বৎসরের ইজারা মূল্য | ৫% বর্ধিত হারে সরকারী মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | চৈতন খাল | জামালপুর | ৩.৩৪ | ৬,৯৪৫.০০ | ৭২৯২.০০ | ৫০০/ | |
| ২ | তেরা খাল | জামুরাইল, কড়ইমুড়া | ১১.৪৯ | ৫,৮৭৯.০০ | ৬১৭৩.০০ | ৫০০/ | |
| ৩ | গোপরাজান | মহিদপুর | ১৬.৯১ | ৯৭,২৫৬.০০ | ১০২১১৯.০০ | ৫০০/ | |
| ৪ | উজান বিরাখাই | মহিদপুর | ১৮.৬৭ | ২৭,৮৩৭.০০ | ২৯২২৯.০০ | ৫০০/ | |
| ৫ | পালেশ্বর কোদালী | খিলগ্রাম | ১৩.৩০ | ২০,৯৪৭.০০ | ২১৯৯৫.০০ | ৫০০/ | |
| ৬ | জাড়াখাল | সিরাজপুর | ৬.৪০ | ২,২০৫.০০ | ২৩১৬.০০ | ৫০০/ | |
| ৭ | মাতার খাল | ডেমারগ্রাম | ৭.৪২ | ৭,৭১৭.০০ | ৮১০৩.০০ | ৫০০/ | |
| ৮ | মাটিজুরী | পুরমষপাল, মহিদপুর | ১৪.৯০ | ১৩,৮৯১.০০ | ১৪৫৮৬.০০ | ৫০০/ | |
| ৯ | কাড়াখাল | পুরমষপাল, যশা | ১১.১৭ | ৯,৯২২.০০ | ১০৪১৮.০০ | ৫০০/ | |
| ১০ | হাতি দাড়া | এওলাসার, দাউদপুর | ২.৭১ | ১৩,২৩০.০০ | ১৩৮৯২.০০ | ৫০০/ | |
| ১১ | হলয়াকুড়ি | পুরমষপাল | ৬.৩৫ | ২৩,১৫২.০০ | ২৪৩১০.০০ | ৫০০/ | |
| ১২ | মুলিকান্দি ঘেচুয়ার ডাল | ইছাপুর, সদরপুর | ৪.৬২ | ৫৩,৮১৩.০০ | ৫৬,৫০৩.০০ | ২০০/ | |
| ১৩ | কাপনাখাল | মহিদপুর | ১২.২৪ | ৭,৮২৮.০০ | ৮,২১৯.০০ | ২০০/ | |
| ১৪ | মরইখাল | হরাইত্রিলোচন,রসুলপুর, মাতারগ্রাম,সারংদেব , খলাদাপনিয়া | ৭.৭৭ | ১৫,৪৩৫.০০ | ১৬,২০৭.০০ | ২০০/ | |
| ১৫ | বৈরাগী কুড়ি | বিপক | ৮.৮৬ | ১৩,১২৫.০০ | ১৩,৭৮১.০০ | ২০০/ | |
| ১৬ | ধলিকুড়ি | ঘাটশোলা | ৩.৬৫ | ৭,৭২০.০০ | ৮,১০৬.০০ | ২০০/ | |
| ১৭ | বড়জান খাল | উত্তরকুল, কশকনকপুর, দরিয়াপুর | ১১.৭৮ | ৮,৮৭২.০০ | ৯,৩১৫.০০ | ২০০/ | |
| ১৮ | এরালিকুড়ি | ঘাটশোলা | ২.৩৫ | ২,৫০০.০০ | ২,৬৯৫.০০ | ২০০/ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯ | সেনাপতির খাল | সহিদাবাদ,মাইজকান্দি | ৩.০৩ | ১,০৫০.০০ | ১,১০২.০০ | ৫০০/ | |
| ২০ | চাতল বিল | মহিদপুর | ৮.৭৯ | ১৪,৭০০.০০ | ১৫,৪৩৫.০০ | ৫০০/ | |
| ২১ | ঘিয়ানালা | মহিদপুর | ৫.৯৫ | ১,০৫০.০০ | ১,১০২.০০ | ৫০০/ | |
| ২২ | নাকির খাল | নিদনপুর | ৩.৩৫ | ২,৬৭৮.০০ | ২,৮১২.০০ | ৫০০/ | |
| ২৩ | চকরাকুড়ি | বালাইত | ৩.৪৯ | ১,০৫০.০০ | ১,১০২.০০ | ৫০০/ | |
| ২৪ | কাজলগড় | গড়ুল | ১.৫৮ | ১,২০৭.০০ | ১,২৬৭.০০ | ৫০০/ | |
| ২৫ | পাতিরখাল | বিপক | ১.৬৪ | ১,০০০.০০ | ১,০৫০.০০ | ৫০০/ | |
| ২৬ | মাতাংকুড়ি | মহিদপুর | ৮.৯৮ | ৩,০০০.০০ | ৩,১৫০.০০ | ৫০০/ | |
| ২৭ | সুনামখাল | গড়ুল,নওয়াগাউ | ৩.৫২ | ১,০৫০.০০ | ১,১০২.০০ | ৫০০/ | |
| ২৮ | আলীপুর বিল | বিপক | ৩.২৯ | ১৪,৮০৫.০০ | ১৫,৫৪৫.০০ | ৫০০/ | মামলাভূক্ত |
| ২৯ | চেরাগি খাল | পাটনিকান্দি | ০১.৪৫ | ২৫২০/- | ২৬৪৬/- | ৫০০/ | |
| ৩০ | বুড়িগোল তালনদী | সদরপুর, ইছাপুর,গজকাপন | ১২.৯৮ | ২৬৪৬/- | ২৭৭৮/- | ৫০০/ | |

জলমহাল ইজারা সংক্রান্ত শর্তাবলীঃ

১। ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে ৫০০/= (পাচঁ শত) টাকা (অফেরত যোগ্য) মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান পূর্বক আবেদন ফরম সংগ্রহ করে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় জকিগঞ্জ, সিলেট এর অনুকূলে আবেদন দাখিল করতে হবে। তাছাড়া যে জলমহালের জন্য আবেদনপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে সেটি প্রযোজ্য হবে।

২। আবেদনকারী উদ্বৃত দরের ২০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসীলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বৎসরের ইজারা মূল্যের সাথে সমন্বয় সাধন করা হবে। পুর্ববর্তী ০৩ বসৎরের সর্বোচ্চ ইজারা মুল্যের ০৫% বর্ধিত হারে আবেদন পত্র দাখিল করতে হবে

৩। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত সমিতি, সে সব সমিতি বা তীরবর্তী জলমহাল ইজারা গ্রহনের জন্য আবেদন করতে পারবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না ।

৪। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আবেদন গৃহীত হলে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে ১ম বৎসরের সমুদয় ইজারা মূল্য সরকারের "জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/ ০০০০/১২৬১" নম্বর কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত করে পুনরায় আবেদন আহবান করা হবে। বর্তমান নীতিমালা অনুসারে প্রত্যেক বৎসরের ইজারা মূল্যের ১৫% হারে ভ্যাট ও ৫% হারে আয়কর পরিশোধ করতে হবে।

৫। ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তি সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে। বৎসরের যে সময়ই দখল হস্তান্তর করা হউক না কেন তা চলতি বৎসরের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এই সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারী খাতে জমা হবে। ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন তা পাবে না।

৬। আবেদন দাখিলের সময় আবেদনের সাথে সমিতির রেজিষ্ট্রেশন নাম্বার ও তারিখ, সমিতির গঠনতন্ত্র নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা (ছবিসহ) সমিতির কার্যবিবরণী, সমিতির সদস্যদের নামের তালিকা ঠিকানা সহ জলমহালের মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট সংযুক্ত করে সভাপতি/সাধারণ সম্পাদকের নামে আবেদন দাখিল করতে হবে

৭। কোনক্রমেই দুটির অধিক জলমহাল কোন মৎস্যজীবী সমবায় সমিতি/যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেয়া হবে না।

৮। প্রতি বৎসরের ইজারা মুল্য তৎপূর্ববর্তী বৎসর শেষ হওয়ার অর্থাৎ ১৫ই চৈত্রের পূর্বেই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না

৯। ইজারা প্রদত্ত জলাশয় কোন অবস্থাতেই সাব লিজ দেয়া যাবে না। কোন জলাশয় বা তার অংশ সাবলিজ দেয়া হলে বা ইজারার কোন শর্ত ভঙ্গ করলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১০। কোন সমিতির পূর্ববর্তী যে কোন জলাশয়ের ইজারামূল্য, ভ্যাট এবং আয়কর অপরিশোধিত থাকলে সে সমিতির আবেদন দাখিল করতে পারবেন না।

১১। আবেদনকারী সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্য্য নির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন এমন সমিতির আবেদনের যোগ্য হবেন না। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। সেই সাথে বিগত দুই বৎসরের অডিট রিপোর্টও আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না। জলমহাল ইজারা প্রাপ্তির পর ইজারা কালীন সময়ে সমিতির/কমিটির মধ্যে যদি কোন অমৎস্যজীবী সদস্যের অবস্থান প্রমাণীত হয় তাহলে সমিতির অনুকূলে প্রদত্ত লিজ বাতিল করা হবে।

১২। জলাশয়টি সেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই ইজারা প্রদান করা হবে। আবেদনকারীকে আবেদন দাখিলের পূর্বে সরেজমিন পরিদর্শন পূর্বক জলাশয়ের প্রকৃত অবস্থা জেনে আবেদন দাখিল করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল প্রকার অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ত/স্বার্থ থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল সরকারের নিকট ন্যাস্ত হবে।

১৪। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং ইজারা কার্যক্রমের যে কোন পর্যায়ে ইজারা বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। তাছাড়া কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে যে কোন জলমহালের তফসীল পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। জলমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত সকল প্রকার বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৬। কোন জলমহালের বিষয়ে ১ম পর্যায়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক দরপত্র গৃহীত হলে ২য় পর্যায়ে উক্ত জলমহালের কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং ২য় পর্যায় গৃহীত হলে ৩য় পর্যায় উক্ত জলমহালের কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। তালিকায় বর্ণিত জলমহালের বিস্তারিত তপশীল ও উপরে বর্ণিত তথ্যাদি ছাড়াও অন্য কোন বিষয়ে জানতে হলে উপজেলা ভূমি অফিস জকিগঞ্জ হতে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

(পুর্ণিমা ভক্তর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সরকারী জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জকিগঞ্জ, সিলেট
মোবাইল নম্বর: ০১৭৩০৩৩১০৪০

স্মারক নং- ০৫.৪৬.৯১৯৪.০০০.০৪.০২৪.১৭- ১১৯ (১০০)

তারিখ: ২৭ মাঘ ১৪২৭
১০ ফেব্রুয়ারী ২০২১

অনুলিপি-সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
২। জেলা প্রশাসক, সিলেট
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য সবিনয় অনুরোধ করা হলো
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট

অনুলিপি-অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো:

৭। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট।
৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার সিলেট। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতারের স্থানীয় সংবাদ মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো
৯। জেলা তথ্য কর্মকর্তা/জেলা সমবায় কর্মকর্তা।
১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, সিলেট
১১-১৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/পরিবার পরিকল্পনা বিভাগ/যুব উন্নয়ন অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর, সিলেট
১৫-২৬। উপজেলা নির্বাহী অফিসার ........................................................ (সকল), সিলেট
২৭। সহকারী কমিশনার (ভূমি), জকিগঞ্জ, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
২৮-৫১। উপজেলা ........................ (সকল), জকিগঞ্জ, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচার এবং যে সকল বিভাগীয় প্রধানগণ উপজেলা জলমহাল ইজারা কমিটির সম্মানীত সদস্য তাঁদেরকে আবেদন খোলার তারিখ বিকাল ৪.৩০ ঘটিকার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো
৫২-৬০। চেয়ারম্যান, ........................................ (সকল ইউ,পি) , জকিগঞ্জ, সিলেট
৬১-৬৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .................................. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, জকিগঞ্জ, সিলেট
৬৬। সম্পাদক, দৈনিক যুগভেরী, সিলেট। বিজ্ঞপ্তিটি আগামী ১৫/০২/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে এক দিনের জন্য ভেতরের পাতায় সংক্ষিপ্ত আকারে (১৫''X৪'') প্রকাশের জন্য অনুরোধ করা হলো
৬৭-১০০। সভাপতি/সম্পাদক .................................. মৎস্যজীবী/যুব মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ জকিগঞ্জ, সিলেট

উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট